



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- পনি/পিএ-১২০৬

তারিখ : ২২-০৪-২০২৪ খ্রি:

বিষয় : মাধ্যমিক সার্টিফিকেট (এসএসসি) ২০২৬-এর দুটি সিলেবাসের প্রশ্নপত্র সবাধানতার সাথে শিক্ষার্থীদের মধ্যে বিতরণ ও সেট কোডসহ বিষয়ভিত্তিক প্রশ্নপত্রের প্যাকেট খোলা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্দেশনা অনুযায়ী এসএসসি পরীক্ষা-২০২৬ এর দুটি পৃথক সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণয়ন করা হয়েছে।

- ১) অনিয়মিত/মানোন্নয়ন পরীক্ষার্থীরা (২০২৩-২০২৪ সেশন ও তার পূর্বের) ২০২৫ সালের এসএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- ২) নিয়মিত পরীক্ষার্থীরা (২০২৪-২০২৫ সেশন) ২০২৬ সালের এসএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- ৩) নির্ধারিত দিনের পরীক্ষা সময়সূচি অনুযায়ী প্রাপ্ত এসএমএস (SMS) ভালভাবে যাচাইপূর্বক প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে।

দুই ধরনের পরীক্ষার্থীদের জন্য ভিন্ন ভিন্ন দুই ধরনের প্রশ্ন প্রণয়ন করা হয়েছে। পরীক্ষার সুষ্ঠু পরিবেশ, স্বচ্ছতা ও শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে পরীক্ষার্থীদের মাঝে সঠিক সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র বিতরণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রশ্নপত্র বিতরণের পূর্বে প্রশ্নপত্রে উল্লেখিত সংশ্লিষ্ট বিষয়ের সিলেবাস ও প্রশ্নপত্রের কোড যথাযথভাবে যাচাই করে অত্যন্ত সতর্কতার সাথে পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হবে। এ বিষয়ে কোন ধরনের ভুল বা অসাবধানতা সম্পূর্ণভাবে পরিহার করতে হবে। প্রশ্নপত্র বিতরণের সময় দায়িত্বপ্রাপ্ত কক্ষ পরিদর্শকগণকেও বিষয়টি অবহিত করে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।

উল্লেখ্য, প্রশ্নপত্র বিতরণে কোনো ধরনের ত্রুটি পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কেন্দ্র সচিব, ট্যাগ অফিসার, পুলিশের ইনচার্জ, পরীক্ষা কমিটি ও কক্ষপ্রত্যবেক্ষক দায়ী থাকবেন এবং পরীক্ষার সকল কার্যক্রম থেকে অব্যাহতি প্রদানসহ তাঁদের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। এমতাবস্থায়, বিষয়টি সর্বোচ্চ গুরুত্বসহকারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

২২-০৪-২০২৪

প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০২৪৭৭৭৬২৭১৪

মোবা: ০১৭৩৩-২২২০০৩

কেন্দ্র সচিব

এসএসসি পরীক্ষা ২০২৬ কেন্দ্রসমূহ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

যশোর

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেরেহপুর/যশোর/নড়াইল/বিনাইদহ/মাগুরা
- ২। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের অধীন সকল উপজেলা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের অধীন সকল জেলা।
- ৪। উপজেলা/থানা শিক্ষা অফিসার, এ বোর্ডের অধীন সকল উপজেলা।
- ৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা বোর্ড, যশোর
- ৬। অফিস নথি